

বাকুবির ১১৩টি গবেষণা প্রকল্পে অর্থ দেবে মন্ত্রণালয়

প্রতিনিধি, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়

২৬ জুন ২০১৯, ১৭:০৭


আপডেট: ২৬ জুন ২০১৯, ১৭:০৯



কৃষির উন্নয়ন, সম্প্রসারণ ও প্রযুক্তি উন্নয়নে বিশেষ অবদান রাখায় বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়কে ১১৩টি গবেষণা প্রকল্পে অর্থায়ন করেছে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়। বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ, ২৬ জুন। ছবি: সংগৃহীত

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের (বাকুবি) ১১৩টি গবেষণা প্রকল্পে অর্থায়ন করেছে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়। আগের অর্থায়ন করা গবেষণাগুলোতে ভালো ফলাফল পাওয়ায় মন্ত্রণালয় এমন সিদ্ধান্ত নিয়েছে।

বিশ্ববিদ্যালয়ের সৈয়দ নজরুল ইসলাম সম্মেলন ভবনে 'বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের অর্থায়নে গবেষণা প্রকল্প পর্যবেক্ষণ এবং মূল্যায়ন' শীর্ষক এক সেমিনার আজ বুধবার অনুষ্ঠিত হয়। এতে প্রকল্পগুলোর সারসংক্ষেপ তুলে ধরেন বাউরেসের পরিচালক এম এ এম ইয়াহিয়া খন্দকার।



অনুষ্ঠানে আরও জানানো হয়, বাংলাদেশ ক্ষি বিশ্ববিদ্যালয় রিসার্চ সিস্টেমের (বাউরেস) মাধ্যমে এসব গবেষণা পরিচালিত হবে।

সেমিনারে উপস্থিত ছিলেন বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের উপসচিব মো. গোলাম মোস্তফা। তিনি বলেন, কৃষিক্ষেত্রে নতুন প্রযুক্তি উন্নয়নে মানসম্মত গবেষণার বিকল্প নেই। এর আগে মন্ত্রণালয় যেসব প্রকল্পে অর্থ দিয়েছিল, এই বিশ্ববিদ্যালয় থেকে সেসব গবেষণা ও প্রযুক্তি উন্নয়নে চমৎকার ফলাফল পাওয়া গেছে। তাই এবার এত সংখ্যক গবেষণা প্রকল্পে অর্থায়ন করেছে মন্ত্রণালয়, যা অন্য বিশ্ববিদ্যালয়ের থেকে সবচেয়ে বেশি।

ইয়াহিয়া খন্দকার বলেন, বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ও গবেষকদের কঠোর পরিশ্রম ও আন্তরিক প্রচেষ্টায় সব সময় নতুন প্রযুক্তি উন্নবিত হচ্ছে। বাউরেসের মাধ্যমে ডিজিটাল পদ্ধতিতে প্রকল্পগুলোর পর্যায়, ব্যয় ও ফলাফল পর্যবেক্ষণ করা হচ্ছে। প্রকল্পগুলো সার্থকভাবে শেষ করতে পারলে ক্ষির উন্নয়ন আরও অগ্রগামী হবে।

বাউরেসের সহযোগী পরিচালক অধ্যাপক মুহাম্মদ মাহফুজুল হকের সঞ্চালনায় ও ইয়াহিয়া খন্দকারের সভাপতিত্বে সেমিনারে প্রধান অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের সহ-উপাচার্য মো. জসিমউদ্দিন খান এবং বিশেষ অতিথি ছিলেন গোলাম মোস্তফা।